# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৫৭

১/ বিবিধ

---

আরবী

الاقتصاد في النفقة نصف المعيشة، والتودد إلى الناس نصف العقل، وحسن السؤال نصف العلم
ضعيف

عزاه السيوطي في " الجامع " للطبراني في " مكارم الأخلاق " والبيهقي في " الشعب " عن ابن عمر، وسكت عليه الشارح المناوي وهو ضعيف فقد قال ابن أبي حاتم في " العلل " (2 / 284) : سألت أبي عن حديث رواه عن هشام بن عمار عن المخيس بن تميم عن حفص بن عمر عن إبراهيم بن عبد الله بن الزبير عن نافع عن ابن عمر فذكره، قال أبي: هذا حديث باطل، ومخيس وحفص مجهولان
قلت: وكذا قال الذهبي في ترجمة مخيس وقال: روى عنه هشام بن عمار خبرا منكرا ثم ساق هذا الحديث، وأقره الحافظ في " اللسان "
ومن هذا الوجه أخرجه القضاعي في " مسند الشهاب " (1 / 55 / 33)

বাংলা

১৫৭। খরচ করতে মধ্যমপন্থা অবলম্বন হচ্ছে জীবন ধারনের অর্ধেক। লোকেদের ভালবাসা হচ্ছে বিবেকের অর্ধেক এবং উত্তমরূপে প্রশ্ন করা হচ্ছে জ্ঞানের অর্ধেক।

হাদীসটি দুর্বল।

হাদীসটি সুয়ূতী “জামেউস সাগীর” গ্রন্থে তাবারানীর “মাকারিমুল আখলাক” এবং বাইহাকীর “আশ-শু'য়াব” গ্রন্থের

উদ্ধৃতিতে উল্লেখ করেছেন। তার ভাষ্যকার মানবী এটির উপর হুকুম লাগানো হতে চুপ থেকেছেন, অথচ এটি দুর্বল। ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/২৮৪) বলেনঃ আমি আমার পিতাকে মাখীস ইবনু তামীম এবং তার শাইখ হাফস ইবনু উমার কর্তৃক বর্ণিত হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি উত্তরে বলেনঃ এটি বাতিল হাদীস, মাখীস এবং হাফস তারা উভয়েই মাজহুল (অপরিচিত)।

আমি (আলবানী) বলছিঃ অনুরূপ কথা যাহাবী মাখীসের জীবনীতে বলেছেন। তিনি আরো বলেছেন যে, তার থেকে হিশাম ইবনু আম্মার মুনকার হাদীস বর্ণনা করেছেন।

অতঃপর এ হাদীসটি উল্লেখ করেছেন। হাফিয ইবনু হাজার তার কথাকে সমর্থন করেছেন। হাদীসটি কাযাঈ "মুসনাদুশ-শিহাব" গ্রন্থে (১/৫৫/৩৩) হাদীসটি এ সূত্রেই উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5418

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন